১০

12 MAY 1997
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২২ কলাম ৪

দৈনিক জনকণ্ঠ

# ব্যবহার নেই ॥ নড়াইলের বিভিন্ন স্কুলে ৩০ কোটি টাকার অডিও ভিজ্যুয়াল সেট নষ্ট হচ্ছে

**নড়াইল, ১১ মে (সংবাদদাতা) ।-** শিক্ষা মন্ত্রণালয়ের ভ্রান্তনীতির কারণে জাপান সরকারের দেয়া ৩০ কোটি টাকা মূল্যের অডিও ভিজ্যুয়াল সেট দীর্ঘদিন ধরে ব্যবহার না করায় নষ্ট হওয়ার উপক্রম হয়েছে। অব্যবহৃত অবস্থায় পড়ে থাকার কারণে সেটগুলোর যন্ত্রপাতির প্রায় ৯০ শতাংশ কাজ করছে না বলে জানা গেছে। ষষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের জন্য বিভিন্ন সরকারী ও বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে জাপান সরকারের আর্থিক সহযোগিতায় '৮০ সালে ১১ শতাধিক অত্যাধুনিক অডিও ভিজ্যুয়াল সেট সরবরাহ করা হয়। মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা উন্নত, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক করতে প্রকল্পটি চালু করলেও শিক্ষা মন্ত্রণালয়ের ভ্রান্তনীতির কারণে প্রকল্পটি সঠিক দিক-নির্দেশনা না পাওয়ার ফলে বন্ধ হয়ে যায়।

উল্লেখ্য, শ্রেণীকক্ষে বসে 'শিক্ষার্থীদের আসর' শিক্ষামূলক অনুষ্ঠান সরাসরি শোনা বা প্রয়োজনে ছাত্র-ছাত্রীদের উদ্দেশে প্রচারের লক্ষ্যে এই অডিও ভিজ্যুয়াল সেট সরবরাহ করা হয়েছিল। জনা গেছে, পরিচালন দক্ষতার অভাবে অধিকাংশ সেট নষ্ট হয়ে গেছে।

প্রকল্পটি '৮২ সালে চালু হবার দু' বছর পর স্কুল ব্রডকাস্টিং নাম পরিবর্তন করে "নাইমট" নামকরণ করা হয়। পরে ১৯৮৫-তে আবার নাম বদলে রাখা হয় "বাইড" (বাংলাদেশ ইনস্টিটিউট অব ডিসট্যান্স এডুকেশন)। সেট চালানোর ক্ষেত্রে প্রত্যেক স্কুল থেকে একজন করে শিক্ষক-শিক্ষয়ত্রী "পরিচালন কোর্স" বিভাগীয় পর্যায়ে সমাপ্ত করলেও শুধুমাত্র শিক্ষা মন্ত্রণালয়ের অবহেলা এবং উদাসীনতার দরুন এই প্রকল্পটির কার্যক্রম বন্ধ হয়ে গেছে।